



নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড
Nuclear Power Plant Company Bangladesh Limited
(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)
শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি



নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টে আকর্ষণীয় চাকুরির বিজ্ঞপ্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০২.১৮-১৬৯

তারিখ : ০৫ আগস্ট ২০১৯

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্বাধীন কোম্পানী নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) এর উপর বাংলাদেশে বর্তমানে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র ও ভবিষ্যতে নির্মিতব্য সকল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বিকাশ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব অর্পিত। এনপিসিবিএল তার সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত ধাপে ধাপে জনবল নিয়োগ করছে এবং এ পর্যায়ে নিম্ন-বর্ণিত শর্তে মেধাবী, দক্ষ ও কর্মঠ কারিগরি কর্মকর্তা/কর্মচারি নিয়োগ করবে :

ক্রঃ নং	পদের নাম ও কর্মকর্তা/কর্মচারী গ্রেড	পদ সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১	জুনিয়র ল্যাব টেকনিশিয়ান (কেমিকেল) (গ্রেড-১৬)	১৪	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান/কেমিকেল টেকনোলজি) বা সমমানের শিক্ষা	• যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ [সনাতন ফলাফল পদ্ধতির অধীন ১ম বিভাগ/ শ্রেণী প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন]
০২	জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১৬)	২৩	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ ইলেকট্রিক্যাল টেকনোলজি বা সমমানের শিক্ষা	• মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা
০৩	জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক) (গ্রেড-১৬)	১৪	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক টেকনোলজি বা সমমানের শিক্ষা	• ২৯.০৮.২০১৯ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ৩০ (ত্রিশ) বছর [মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততিদের জন্য ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য]
০৪	জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল) (গ্রেড-১৬)	৬৫	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা সমমানের শিক্ষা	

বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :

- প্রথম ২ (দুই) বছর প্রবেশনকাল গণ্য করা হবে। প্রবেশনকাল সফলভাবে সমাপ্তির পর প্রবেশনকালে এনপিসিবিএল কর্তৃক প্রণীত প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ / নিশ্চিতকরণ করা হবে।
- কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে (প্রাথমিকভাবে পাবনা জেলার রূপপুরে) বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।
- প্রবেশনকালে সর্ব-সাকুল্যে ১৭,০৪৫/- টাকা হারে মাসিক বেতন ও বিধি মোতাবেক উৎসব ভাতা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে (যদি থাকে) প্রশিক্ষণকালীন মাসিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হারে বৈদেশিক প্রশিক্ষণ ভাতা ও প্রশিক্ষণ কেন্দ্রে আবাসন সুবিধা প্রদান করা হবে।
- এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর মাসিক ২১,৬০০/- টাকা হারে মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%-৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাছুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে।
- যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

আবেদন ও নির্বাচন পদ্ধতি :

- আগ্রহী প্রার্থীকে "Online Application Form" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ০৭.০৮.২০১৯ তারিখ থেকে ২৯.০৮.২০১৯ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। <http://npcbl.teletalk.com.bd> ঠিকানায় "Online Application Form" পাওয়া যাবে।
- প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য <http://npcbl.teletalk.com.bd> ঠিকানায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ (Equivalency Certificate) প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।
- যে-কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরনের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

- কোম্পানী সেক্রেটারী

বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন : www.rooppurnpp.gov.bd